

আমাদের চিন্তাধারা হল:

- কিশোর-কিশোরী এবং তরুণীদের আয়োডিন সম্পর্কিত জ্ঞান বৃদ্ধি এবং তাদের আয়োডিনের পরিমাণ উন্নত করার সর্বোত্তম উপায় খুঁজে বের করা
- ইউরোপ এবং তার বাইরে আয়োডিনের ঘাটতি দূরীকরণের জন্য পদক্ষেপ নেওয়া

আমাদের লক্ষ্য হল:

- আয়োডিনের গুরুত্ব এবং আয়োডিনের অভাবজনিত রোগের ঝুঁকি সম্পর্কে সচেতনতা বাড়ানো
- কিশোর-কিশোরী এবং তরুণ-তরুণীদের স্বাস্থ্য, তাদের আয়োডিন গ্রহণের অভ্যাস এবং তাদের ভবিষ্যত সন্তানদের স্বাস্থ্যের উপর ইতিবাচক প্রভাব ফেলা



ইউথাইরয়েড২ প্রকল্পে আমাদের সাথে যোগ দিন!

প্রকল্প সম্পর্কে আরও জানুন:



<https://euthyroid2.eu>




আমাদের সাথে যোগাযোগ করুন:



EUthyroid2@qub.ac.uk

ইউথাইরয়েড২ প্রকল্পে আমাদের সাথে যোগ দিন!



ইউথাইরয়েড২ প্রকল্প

- ▶ গবেষণায় অংশ নেওয়ার জন্য প্রয়োজনীয় সমস্ত উপকরণ সরবরাহ করা হবে বলে কোনও অতিরিক্ত প্রচেষ্টার প্রয়োজন নেই
- ▶ গবেষণাটি আপনার সময়সূচীর সাথে সমন্বয় করে নিবে

Photo credits:

© shutterstock.com/Tatjana Baibakova (iodine sources)

© iStock.com/credit: fizkes (two women)



Co-funded by
the European Union



UK Research
and Innovation

আমরা কারা:

গবেষকদের একটি দল, চিকিৎসা বিশেষজ্ঞ এবং অলাভজনক সংস্থা যারা ইউথাইরয়েড২ প্রকল্পকে আয়োড়িনের গুরুত্ব এবং কিশোর-কিশোরী ও তরুণীদের মধ্যে আয়োড়িনের ঘাটতির ঝুঁকি সম্পর্কে সচেতনতা বাড়াতে সহযোগিতা করে।

এই উদ্দেশ্যে, ইউথাইরয়েড২ গবেষণা দল স্বাস্থ্যসেবা এবং শিক্ষাগত সেটিংসের জন্য পরীক্ষামূলক গবেষণা তৈরি করেছে।

আমরা আপনাকে স্বাস্থ্যসেবা সেটিংসে অংশগ্রহণ করার জন্য আমন্ত্রণ জানাচ্ছি যা তরুণীদের (১৮-২৪ বছর বয়সী) শিক্ষিত করার জন্য তৈরী করা হয়েছে।

অংশগ্রহণের জন্য কে আমন্ত্রিত?

স্বাস্থ্যসেবা সেটিং এ পরীক্ষামূলক গবেষণাটি ৪টি ইউরোপীয় দেশে (ইংল্যান্ড, উত্তর আয়ারল্যান্ড, নরওয়ে এবং পোল্যান্ড) এবং ২টি অ-ইউরোপীয় দেশে (বাংলাদেশ ও পাকিস্তান) পরিচালিত হবে।



আমরা স্বাস্থ্যসেবা সেটিংস থেকে কি জিজ্ঞাসা করছি

আপনি যদি স্বাস্থ্যসেবা সেটিংসে অংশগ্রহণ করার সিদ্ধান্ত নেন, আমরা আপনার সময়সূচীর সাথে কাজ করব এবং **আপনার পক্ষ থেকে কোনও অতিরিক্ত প্রচেষ্টার প্রয়োজন হবে না**, আমরা আপনাকে প্রয়োজনীয় সমস্ত তথ্য সরবরাহ করব। আপনাকে ইন্টারভেনশন বা নিয়ন্ত্রণ গ্রুপে রাখা হবে।

ইন্টারভেনশন গ্রুপ কি করে?

ইন্টারভেনশন গ্রুপে স্বাস্থ্যসেবা পেশাজীবীদের প্রশিক্ষণ দেওয়া হবে, যাতে তারা তথ্য উপাদান সরবরাহ করতে এবং তরুণীদের আয়োড়িনের গুরুত্ব সম্পর্কে শিক্ষিত করতে পারে।

ইন্টারভেনশন ভালভাবে কাজ করেছে কিনা তা খুঁজে বের করার জন্য স্বাস্থ্যসেবা পেশাজীবী এবং তরুণীদের আয়োড়িন সচেতনতা এবং ইন্টারভেনশন সম্পর্কে তাদের অভিজ্ঞতার উপর জরিপ করা হবে।

নিয়ন্ত্রণ গ্রুপ কি করে?

নিয়ন্ত্রণ গ্রুপেও জরিপ করা হবে। সমস্ত জরিপ চূড়ান্ত হওয়ার পরে ইন্টারভেনশনের উপাদান অ্যাক্সেস করার সম্ভাবনা থাকবে।

আপনার কাছে আমাদের প্রস্তাব:

আপনি যদি স্বাস্থ্যসেবা সেটিং এ গবেষণায় অংশগ্রহণ করার সিদ্ধান্ত নেন, তাহলে অংশগ্রহণের জন্য আপনার কোন অতিরিক্ত প্রচেষ্টার প্রয়োজন হবে না কারণ অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় সমস্ত তথ্য এবং উপকরণ আপনি পাবেন।

আপনার সময় এবং প্রতিশ্রুতির কদর করে, গবেষণায় অন্তর্ভুক্ত প্রতিটি অংশগ্রহণকারীর জন্য সম্মানী প্রদান করতে পেরে আমরা আনন্দিত।

বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সাইন্সেস
১২৫/১ দারুস সালাম, মিরপুর-১, ঢাকা-১২১৬।

mithilafaruque@buhs.ac.bd;
+৮৮০১৬৭০৬৩৭০৯৩

vc@buhs.ac.bd

আয়োড়িনের গুরুত্ব সম্পর্কে তরুণীদের সচেতনতা বৃদ্ধি এবং তাদের নিজস্ব ও ভবিষ্যৎ সন্তানদের জন্য আয়োড়িনের অবস্থা উন্নত করতে অংশগ্রহণ করুন।

